

পটিয়ায় ৬ হাজার ৮২৭ পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় বসছে কাল

- প্রস্তুতি সম্পন্ন, বিদ্যুৎ নিয়ে উদ্বেগে অভিভাবকরা
কাউছার আলম, পটিয়া (চট্টগ্রাম)



সংগৃহীত ছবি

আগামীকাল মঙ্গলবার (২১ এপ্রিল) থেকে সারাদেশে শুরু হচ্ছে ২০২৬ সালের এসএসসি ও দাখিল পরীক্ষা। এবার চট্টগ্রামের পটিয়া উপজেলায় ৯টি কেন্দ্রে মোট ৬ হাজার ৮২৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। ইতোমধ্যে পরীক্ষা সুষ্ঠু ও নির্বিঘ্নভাবে সম্পন্ন করতে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে উপজেলা প্রশাসন ও শিক্ষা বিভাগ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে মাধ্যমিক (এসএসসি) থেকে ৫ হাজার ৬৮৫

জন, মাদ্রাসা বোর্ড (দাখিল) থেকে ৮৩৬ জন
এবং কারিগরি শিক্ষা বোর্ড থেকে ৩০৬ জন
পরীক্ষার্থী রয়েছে।

পরীক্ষা কেন্দ্রভিত্তিক তথ্য অনুযায়ী, পটিয়া
আদর্শ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ হাজার ৩৭ জন,
হাবিলাসদ্বীপ বহুমুখী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৭১৬
জন, কুসুমপুরা হাই স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে
৬১৬ জন, জিরি খলিল মীর উচ্চ বিদ্যালয়
কেন্দ্রে ১ হাজার ৩৪ জন, আবদুর রহমান
সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৪২৫
জন, আবদুস সোবহান রাহাত আলী উচ্চ
বিদ্যালয় কেন্দ্রে ১ হাজার ২৭ জন, খলিলুর
রহমান বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৮৩০ জন,
ইউনিয়ন কৃষি স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে ৩০৬
জন এবং শাহচাঁন্দ আউলিয়া কামিলা মাদ্রাসা
কেন্দ্রে ৮৩৬ জন পরীক্ষার্থী অংশ নেবে।

এদিকে, পরীক্ষা শুরুর প্রাক্কালে শিক্ষার্থী ও
অভিভাবকদের মধ্যে যেমন উৎসাহ-উদ্দীপনা
রয়েছে, তেমনি চলমান বিদ্যুৎ সংকট নিয়ে
দেখা দিয়েছে উদ্বেগ। বিশেষ করে রাতের
পড়াশোনায় বিঘ্ন ঘটায় অনেক অভিভাবকই
শঙ্কা প্রকাশ করেছেন।

একজন অভিভাবক জানান, লোডশেডিংয়ের কারণে অনেক সময় সন্তানদের ঠিকমতো পড়াশোনা করা সম্ভব হয়নি।

এখন পরীক্ষা চলাকালীন যদি বিদ্যুৎ সমস্যা হয়, তাহলে সেটি আরও ভোগান্তির কারণ হবে।

এ বিষয়ে পটিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিপন কান্তি দে বলেন, ‘পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের জন্য আমরা সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছি। প্রতিটি কেন্দ্রে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে। পাশাপাশি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্ট দপ্তরে আগেই চিঠি দেওয়া হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় থেকেও জানানো হয়েছে, পরীক্ষা চলাকালে কেন্দ্রগুলোতে ভ্রাম্যমাণ টিম, আইনশৃঙ্খলা বাহিনী ও পর্যবেক্ষণ জোরদার থাকবে, যাতে কোনো ধরনের অনিয়ম বা বিঘ্ন না ঘটে।

উল্লেখ্য, বাংলা প্রথম পত্র পরীক্ষার মাধ্যমে শুরু হতে যাওয়া এ বছরের এসএসসি ও দাখিল পরীক্ষা ঘিরে ইতোমধ্যে পটিয়াজুড়ে শিক্ষার্থী,

অভিভাবক ও শিক্ষা সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক
প্রস্তুতি ও প্রত্যাশার আবহ তৈরি হয়েছে।
সকলের প্রত্যাশা শান্তিপূর্ণ পরিবেশে সুন্দরভাবে
সম্পন্ন হবে এবারের পরীক্ষা।